

তারিখ: .....  
পৃষ্ঠা: ১ ..... কলাম: ১.....

চট্টগ্রাম অ্যাকাডেমির বইমেলায় উদ্বোধন

‘যে জাতি যত বেশি শিক্ষিত  
তত বেশি দেশপ্রেমিক’

নিম্নের বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যারো : চট্টগ্রাম অ্যাকাডেমি আয়োজিত স্বাধীনতার বইমেলা গত ২২শে মার্চ চট্টগ্রাম মহানগর এনায়েত বাজার মহিলা কলেজ প্রাঙ্গণে শুরু হয়েছে। ৫ দিনব্যাপী এই বইমেলায় উদ্বোধন করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ড. আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দীন।

বিপুলসংখ্যক বইপ্রেমীর উপস্থিতিতে মেলার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খ্যাতিমান সমাজবিজ্ঞানী ড. অনুমণ সেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দৈনিক আজাদীর পরিচালনা সম্পাদক এম. এ মালেক। কবি কামরুল হাসান বাদলের পরিচালনায় অনুষ্ঠিত এই অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন এনায়েত বাজার মহিলা কলেজের অধ্যক্ষ সাহিত্যিক নীলুফার জহুর। বাগত বক্তব্য রাখেন মেলার মূল সমন্বয়কারী সাংবাদিক রাশেদ রউফ। মেলার মহাসচিব অধ্যাপক আনোয়ারা আলম ঘোষণাপত্র পাঠ করেন।

উদ্বোধকের বক্তব্যে শিক্ষাবিদ ড. আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দীন বলেন, দীর্ঘদিন উপলব্ধি করে আসছিলাম

চট্টগ্রামে একটি অ্যাকাডেমি প্রতিষ্ঠা প্রয়োজন। আমি খুবই আনন্দিত আজ চট্টগ্রাম অ্যাকাডেমি প্রতিষ্ঠা পেয়েছে। কারণ আমাদের অতীত মনীষীদের আমাদের নতুন প্রবন্ধ জুড়ে যেতে কসেছিল প্রায়। ঠিক সেই মুহূর্তে মহান স্বাধীনতা দিবসকে ঘিরে চট্টগ্রাম অ্যাকাডেমি আয়োজন করেছে ৫ দিনব্যাপী স্বাধীনতা মেলা-২০০২। আমাদের তাদের গল্প শোনা প্রয়োজন যারা চট্টগ্রামের কিংবদন্তি ব্যক্তিত্ব- যেমন আশোতোষ চৌধুরী, নবীন চন্দ্র সেন প্রমুখ।

তিনি আরো বলেন, আমাদের ছাত্র জীবনে এ ধরনের বইমেলায় প্রচলন ছিল

না। প্রথম যখন লেখাপড়ার শুরু হয়, তখন জ্ঞান অর্জন ছিল সম্পূর্ণ নিঃস্বার্থ প্রয়াস।

তিনি বাঙালি জাতি সম্পর্কে বলতে গিয়ে বলেন, যে জাতি যত বেশি শিক্ষিত তত বেশি দেশপ্রেমিক হয়ে থাকে। বাঙালির স্বাধীনতা, বাঙালির চেতনা, পরম গর্বের ধন, ভাণ্ডার অনন্য উদাহরণ। সেই স্বাধীনতা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে আজ প্রচলিত ছয়কির সম্মুখীন। স্বাধীনতা অর্জনের চেয়ে যে রক্ষা করা কঠিন, তা আমরা মর্মে মর্মে উপলব্ধি করছি।

প্রধান অতিথি এম. এ মালেক বলেন, স্বাধীনতা আমাদের জন্য গুরুত্বপূর্ণ বিষয়। লেখকের যদি লেখক সভা না থাকে, তবে দামি কলম দিয়ে ভাল লেখা বের হয় না। বিশ্ববিখ্যাত লিও টলস্টয় বলেছেন, জীবনে তিনটি জিনিসের প্রয়োজন আর তা হলো বই, বই এবং বই। বই ছাড়া সভ্যতা গড়ে ওঠে না। সাহিত্য-সংস্কৃতির বিকাশ ঘটে না। বই মানে ভাল বই চাই- আমাদের বই প্রকাশনায় অধিক মনোযোগ দেয়া প্রয়োজন।

তিনি আরো বলেন, চট্টগ্রাম অ্যাকাডেমির এধারের শ্রোগান হচ্ছে বই হোক নিত্যসঙ্গী।

বিশেষ অতিথি নীলুফার জহুর বলেন, স্বাধীনতা আমাদের জন্য গুরুত্বপূর্ণ বিষয়। যে দেশে স্বাধীনতা নেই, সে দেশে চিন্তার মুক্তি সম্ভব নয়। আজকের বইমেলা ও আনুষ্ঠানিক কার্যক্রমে চিন্তার মুক্তি ঘটবে। কারণ যে জাতি যত বেশি বই পড়ে সে জাতির তত বেশি চিন্তার স্করণ ঘটে। চট্টগ্রামের বই, তরুণ লেখকদের বই চট্টগ্রামের বইপ্রেমীর ঘারে পৌছে ফেরার মহৎ উদ্দেশ্যে চট্টগ্রাম অ্যাকাডেমির বর্ণাঢ্য আয়োজন স্বাধীনতার বইমেলা সফল হবে- এ আশা রাখি।